

**পশ্চিমবঙ্গ সরকার**  
**স্বাস্থ্য কৃত্যক অধিকার**  
**২০১৪-২০১৫-এ শিক্ষাবর্ষে ফার্মেসী ডিপ্লোমা**  
**কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি**

কল্যাণী, জলপাইগুড়ি ও বাঁকুড়ার ফার্মেসী ইনস্টিটিউটে দুই বছরের ফার্মেসী ডিপ্লোমা কোর্সে ভর্তির দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**ভর্তির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা** - পদার্থবিদ্যা, রসায়ন, গণিত অথবা জীববিদ্যা সহ উচ্চমাধ্যমিক (১০+২) জেনারেল স্ট্রীমে বা তার সমতুল্য পরীক্ষায় (ফার্মেসী কাউন্সিল অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত) উত্তীর্ণ হতে হবে।

ভোকেশনাল স্ট্রীমে পাশ করা ছাত্রছাত্রীদের দরখাস্ত গৃহীত হবে না।

**বয়স:** ১লা জুন, ২০১৪এ ন্যূনতম বয়স-১৬ বছর এবং অনধিক ৩০ বছর এবং ১লা জুন, ২০১৪এ তপশিলী জাতি এবং উপজাতিদের ক্ষেত্রে অনধিক ৩৩ বছর।

**নির্বাচন পদ্ধতি:** উচ্চমাধ্যমিক (১০+২) জেনারেল স্ট্রীমে বা সমতুল্য পরীক্ষায় (ফার্মেসী কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা স্বীকৃত) পদার্থবিদ্যা, রসায়ন, গণিত অথবা জীববিদ্যায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নির্বাচন করা হবে।

**সংরক্ষণ:** পশ্চিমবঙ্গ নিয়ম অনুযায়ী তপশিলী জাতি, উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী এবং প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। দার্জিলিং গোখা হিল কাউন্সিলের মনোনীত চারজন প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অনুমোদন সাপেক্ষে জলপাইগুড়িতে ভর্তি করা হবে। প্রার্থীকে ভারতীয় নাগরিক হতে হবে এবং কমপক্ষে ১০ বছর (অবিচ্ছিন্ন ভাবে) পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে বা তাঁর পিতা মাতাকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত প্রমাণ পত্রের প্রত্যয়িত কপি সংযোজিত করতে হবে -**

- ১) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার পাশ করা সার্টিফিকেটের কপি।
- ২) হায়ার সেকেন্ডারি বা তার সমতুল্য পরীক্ষায় (ফার্মেসী কাউন্সিল অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত) পাশ করা মার্কশিটের কপি।
- ৩) যথোপযুক্ত কর্তৃপক্ষ (যথা এম.পি./এম.এল.এ./জেলা পরিষদের সদস্য/পঞ্চায়েত সমিতির সভাপতি, মিউনিসিপালিটির কমিশনার/কাউন্সিলর/গ্রাম পঞ্চায়েতের প্রধান/এলাকার বি.ডি.ও/পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি বা তদুর্ধ্ব পদমর্যাদার অফিসার ইত্যাদি) দ্বারা প্রদত্ত পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান নিয়মানুযায়ী বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেটের কপি (আবেদন পত্রে)।
- ৪) তপশিলী জাতি, উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত হলে পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান নিয়মানুযায়ী যথোপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা প্রাপ্ত সার্টিফিকেটের কপি।
- ৫) শারীরিকভাবে প্রতিবন্ধী হলে পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান নিয়মানুযায়ী যথোপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা প্রদত্ত সার্টিফিকেটের কপি।

ক্রমশ.....

৬। প: ব: মেডিকেল কাউন্সিল দ্বারা স্বীকৃত চিকিৎসক বা সরকারী হাসপাতালের একজন চিকিৎসক (এ্যালপ্যাথি) কর্তৃক শারীরিক ও মানসিক সুস্থতা সংক্রান্ত শংসাপত্র। একজন চক্ষু বিশেষজ্ঞের কাছ থেকে স্বাভাবিক দৃষ্টিশক্তি ও বর্ণান্ধতা না থাকার শংসাপত্র (আবেদন পত্রে)।

**ছাত্রাবাস:** ছাত্রাবাসে শুধু ছাত্রদের জন্য তিনটি ইনস্টিটিউটে সীমিত সংখ্যক আসনের ব্যবস্থা আছে। নির্বাচিত ছাত্রছাত্রীদের নিজস্ব ব্যয়ে পড়াশুনা করতে হবে। কোনোরকম ছাত্রবৃত্তির ব্যবস্থা নেই।

ভর্তির জন্য দরখাস্তের বয়ান যথাযথভাবে পূরণ করে খামের উপরে 'ডিপ্লোমা ইন ফার্মেসী ২০১৪-২০১৫য় ভর্তির আবেদনপত্র লিখে অধ্যক্ষ, ইনস্টিটিউট অফ ফার্মেসী, কল্যাণী, পো: -কল্যাণী, জেলা - নদীয়া, পিন-৭৪১২৩৫ এর নিকট ৩০শে জুন, ২০১৪ বৈকাল ৪ ঘটিকার মধ্যে স্পিড পোষ্ট বা রেজিস্ট্রীকৃত ডাকে বা ব্যক্তিগতভাবে পৌছতে হবে।

ভর্তির বিজ্ঞপ্তি সহ আবেদনের বয়ান পশ্চিমবঙ্গ সরকার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ওয়েবসাইট ([www.wbhealth.gov.in](http://www.wbhealth.gov.in)), স্বাস্থ্য ভবনের এক তলায় নোটিশ বোর্ডে, ফার্মাসীর তিনটি ইনস্টিটিউশনের অফিসের নোটিশ বোর্ডে এবং প্রতিটি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

**ফলাফল:** ভর্তিযোগ্য প্রার্থী তালিকা ও ভর্তির নিয়মাবলী স্বাস্থ্যভবনে একতলায় / ফার্মাসীর তিনটি ইনস্টিটিউশন / জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসের নোটিশবোর্ডে এবং পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ওয়েবসাইট ([www.wbhealth.gov.in](http://www.wbhealth.gov.in)) এ ৩১শে জুলাই, ২০১৪ তারিখে প্রকাশিত হবে। কোনো প্রার্থীকে আলাদাভাবে এ সম্বন্ধে কোনো চিঠি পাঠানো হবে না।